

১৮/১/০৭
৩২

জবিতে শিক্ষকদের তালাবদ্ধ ভাঙচুর ক্লাস বর্জন

বিবিএ মান দাবী করেছে শিক্ষার্থীরা: তদন্ত কমিটি গঠন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের শিক্ষার্থীরা বিবিএ'র মান প্রদানের দাবীতে গতকাল (বুধবার) ক্লাস বর্জন, ভাঙচুর ও কক্ষে তালা লাগিয়ে অবরুদ্ধ করে রাখে বিভাগীয় শিক্ষকদের। প্রায় ২ ঘণ্টা পর পুলিশ তালা ভেঙ্গে শিক্ষকদের উদ্ধার করে। ৭ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয়েছে। সাক্ষাৎকালে শিক্ষার্থীদের পূর্ব ঘোষিত

কর্মসূচী অনুযায়ী গতকাল সকাল ৮টা থেকেই ক্যাম্পাসে এসে জড়ো হয়। সকাল সাড়ে ৮টার দিকে মিছিল করতে চাইলে শিক্ষকরা মিছিলকারী শিক্ষার্থীদের বহিষ্কারের হুমকি দিলে ছাত্ররা কক্ষে গিয়ে শিক্ষকদের কক্ষে তালা লাগিয়ে দেয়। এর প্রায় ২ ঘণ্টা পর বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয় ভিপি পুলিশের সাহায্যে প্রধান ফটক ও শিক্ষক কক্ষের তালা ভেঙ্গে শিক্ষকদের উদ্ধার করে। বেলা সাড়ে ১১টার দিকে শিক্ষার্থীরা মুখে

কালো কাপড় বেঁধে মৌন মিছিল বের করলে পুলিশ বাধা দেয়। এরপর শিক্ষার্থীরা ভিসির কক্ষের সামনে গিয়ে ভিসিকে অবরুদ্ধ করে রাখে। প্রায় আধ ঘণ্টা অবরুদ্ধ থাকার পর ভিসি ও সিরাজুল ইসলাম খান ছাত্রদের আন্দোলন পরিহার করার অনুরোধ জানিয়ে বলেন, বাণিজ্য অনুষদের তীনকে প্রধান করে ৭ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। সাত দিন পর তাদের রিপোর্টের আলোকে সিদ্ধান্ত নেয়া হবে।